# Times Today BD

সিনিয়র রিপোর্টার | চাকুরী | 29 March, 2025

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরে ১১টি ক্যাটাগরিতে ৯ম ও ১০ম গ্রেডে মোট ৭৯টি শূন্য পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

পদসমূহ ও পদসংখ্যা:

৯ম গ্রেডের পদসমূহ (বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ টাকা):

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়:

সহকারী পরিচালক: ১৬টি (অস্থায়ী)

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষাসেবা বিভাগের বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর:

অ্যাসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ৫টি (অস্থায়ী)

অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার: ২টি (অস্থায়ী)

লেজিসলেটিভ ও সংসদবিষয়ক বিভাগ:

সহকারী সচিব (ড্রাফটিং): ৮টি (স্থায়ী)

পররাষ্ট্র মন্ত্রণালয় (ফরেন সার্ভিস একাডেমি):

হিসাবরক্ষণ কর্মকর্তা: ১টি (স্থায়ী)

১০ম গ্রেডের পদসমূহ (বেতন স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০ টাকা):

পররাষ্ট্র মন্ত্রণালয় (ফরেন সার্ভিস একাডেমি):

গবেষণা কর্মকর্তা: ১টি (স্থায়ী)

প্রশাসনিক কর্মকর্তা: ১টি (স্থায়ী)

ব্যক্তিগত কর্মকর্তা: ১টি (স্থায়ী)

ফিজিক্যাল ইনস্ট্রাক্টর: ১টি (স্থায়ী)

স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:

ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার: ২টি (স্থায়ী)

উপসহকারী প্রকৌশলী: ৪১টি (স্থায়ী)

আবেদনের নিয়ম:

আগ্রহী প্রার্থীদের টেলিটক-এর ওয়েবসাইট অথবা বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ওয়েবসাইটে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র অ্যাপ্লিকেন্টস কপি (বিপিএসসি ফরম-৫-এ) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম ও ফি জমাদান সম্পন্ন করতে হবে।

অনলাইনে ফরম পূরণের অনধিক ৭২ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি বাবদ ৯ম ও ১০ম গ্রেডের জন্য ২০০ টাকা এবং সকল গ্রেডের (অনগ্রসর নাগরিক) জন্য ৫০ টাকা টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে জমা দিতে হবে।

আবেদনের শেষ তারিখ:

২৯ মে ২০২৫, সন্ধ্যা ৬টা পর্যন্ত।

বিস্তারিত জানতে এবং আবেদন করার জন্য, টেলিটক অথবা বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ওয়েবসাইট দেখুন

ওয়েবসাইটে নন-ক্যাডার অপশনে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএসের মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তিসংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে।ফরম পূরণের আগে অবশ্যই আবেদনপদ্ধতি, ফি জমাদান ও নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য এই লিংক ও এই লিংক থেকে দেখে নেওয়া যাবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:00

URL: https://www.timestodaybd.com/public/jobs/770236160